বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস ( বি এস পি ) এর ২০২৪-২০২৫
সেশনের কার্যনির্বাহী পরিষদের তেরো তম (১৩তম )
সভার কার্যবিবরনি

সভাপতি: অধ্যাপক ডাঃনাছিম জাহান ( সম্মানীত সভাপতি বি এস পি )

সভার তারখি ০২১/০১/২০২৫ ইং

সভার সময়: সন্ধ্যা ৭:০০ ঘটিকা

সভার স্থান : অনলাইন জুম মিটিং

সভায় উপস্থিত: ১৬ জন (হাজিরা কপি সংযুক্ত)

শুরুতেই সভাপতি অধ্যাপক ডাঃ নাসিম জাহান ম্যাডাম সবাইকে সালাম ও শুভেচ্ছা জানান।

সভায় নিম্নের বিষয় আলোচনা করা হয়

১। বার্ষিক সাধারণ সভা (AGM ) ২০২৫ আয়োজন

২।Teachers benefit subcommittee এর কাজ

৩। Examiner's list

৪। বিবিধ

০১। বার্ষিক সাধারণ সভা ২০২৫ আয়োজন:

ক। রেজিস্ট্রেশন : অধ্যাপক ডাঃ নাসিম জাহান মানিকগঞ্জে ভেন্যুতে কারো কোনো আপত্তি থাকলে জানতে চান। সবাই বিনা আপত্তিতে রাজি হন।

ডাঃ আসফাক জানান মোট ৮জন রেজিস্ট্রেশন করেছেন।

অধ্যাপক ডাঃ নাসিম জাহান সবার কাছে জানতে চান কিভাবে

participants বাড়ানো যায়।

ডাঃ গোলাম মোওলা বলেন সব vice president দের নিজের ডিভিশনের সব মেডিকেল কলেজে যোগাযোগ করে রেজিস্ট্রেশনে উৎসাহিত করতে বলেন।

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম আশাব্যক্ত করেন যে পরিবহন ব্যবস্থার কথা ও রিসার্চ proposal এর উপর প্রেসেন্টেশন থাকবে এটা যদি flyer এ যুক্ত করা হয় তাহলে participants বাড়বে।

অধ্যাপক ডাঃ নাসিম জাহান, ডাঃ আসফাক কে একটা leaflet তৈরি করতে বলেন।

ডাঃ রুহানি Leaflet এ মানিকগঞ্জ মেডিকেলের ভিডিও যোগ করতে বলেন।তিনি মানিকগঞ্জ জমিদার বাড়ি পরিদর্শনের সুযোগ রাখা যায় কিনা বিবেচনা করতে বলেন।

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম simulation lab এর ভিডিও যোগ করতে বলেন।

সভাপতি ডাঃ নাছিম জাহান ম্যাডাম, ডাঃ আসফাক, ডাঃ রুহানি, ডাঃ ইফফাত কে সম্মিলিতভাবে leaflet বানানোর দায়িত্ব দেন।

অধ্যাপক ডাঃ নীলুফার রহমান ম্যাডাম family member ও driver দের জন্য ফী নির্ধারণ করতে বলেন।

সভাপতি ডাঃ নাছিম জাহান ম্যাডাম অধ্যাপক ডাঃ নুরজাহান ম্যাডাম কে সুভেনিয়ারে message লেখার অনুরোধ করেন।

খ। বাজেট : সভাপতি ডাঃ নাছিম জাহান ম্যাডাম ডাঃ সালমা বিনতে ফারুকি কে ডাঃ রুহানির থেকে গতবারের idea নিয়ে আসন্ন AGM এর বাজেট করতে বলেন।

Add জোগার করার জন্য back page-৩০, ০০০/=, inner back page - ২০, ০০০/= এবং ordinary page-১০, ০০০/= ঠিক করা হয়।

অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডাম সকল EC মেম্বারদের add জোগাড়ে তৎপর হতে বলেন।

ডাঃ আসফাক জানান যে ডাঃ ইফফাতের পাঠানো স্কয়ারের কিছু স্টাফ মানিকগঞ্জে দেখা করেছে।

ডাঃ সালমা বিনতে ফারুকি বলেন বাসে প্যাকেট breakfast এর ব্যবস্থা রাখতে হবে।আর lunch এর ব্যবস্থা মানিকগঞ্জ থেকে করতে হবে।

ডাঃ রুহানি breakfast প্যাকেটে ক্লাব স্যান্ডউইচ, ফ্রুট ও কেক রাখতে বলেন।

অধ্যাপক ডাঃ নুরজাহান ম্যাডাম বলেন চা এর ব্যবস্থা বাসে রাখা যাবে না।

ডাঃ ইফফাত breakfast প্যাকেটে একটা মিষ্টি রাখতে বলেন।

ডাঃ মিজান lunch প্যাকেটে প্লেইন পোলাউ, চিকেন, সবজি ও ডিম রাখতে বলেন।

ডাঃ রুহানি এপ্রিল মাসের গরমের কথা বিবেচনা করে ভাত, মাছ ও সবজি রাখতে বলেন।

গ। Subcommittee for AGM: সভাপতি ডাঃ নাসিম জাহান ম্যাডাম জানান যে AGM এ কাজ করার জন্য subcommitte গঠন করে মেম্বারদের নাম ২৯ জানুয়ারি মিটিং এ জানিয়ে দেয়া হবে।

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম অ্যাপ্পায়ন কমিটি, বাজেট কমিটি ও ডেকোরেশন কমিটি করতে পরামর্শ দেন।

ডাঃ আসফাক বলেন যে inaguration অডিটোরিয়ামে ,অ্যাবস্ট্রাক্ট প্রেসেন্টেশন গ্যালারিতে, workshop ল্যাবরেটরিতে, পোস্টার প্রেসেন্টেশন করিডরে করা হবে।

ডাঃ রুহানি একটি ফটোফ্রেমের ব্যবস্থা রাখতে বলেন।

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম কালচারাল প্রোগ্রাম থাকবে কিনা জানতে চাইলে সভাপতি ম্যাডাম জানান যে সময়ের স্বল্পতায় করা সম্ভব না।

ঘ । প্রেসেন্টেশনের বিষয়বস্তু : অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডাম, ডাঃ রুহানি কে time table সহ schedule তৈরি করতে বলেন

অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডাম community মেডিসিন এর একজন প্রফেসর কে রিসার্চ মেথডলোজির উপর প্রেসেন্টেশনের জন্য আনবেন কিনা জানতে চাইলে সবাই আগ্রহ প্রকাশ করেন।

অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডাম AGM এ BSP ও SAAP এর অর্জনের উপরে প্রেসেন্টেশন রাখতে বলেন।

ডাঃ নীলুফার রহমান মনে করিয়ে দেন যে যদি গঠণতন্ত্র পরিবর্তন করতে

চান তাহলে AGM এ করতে হবে।

অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডাম জানান যে AGM এ নির্বাচন কমিটি গঠন করা হবে।

২।Teachers benefit subcommittee এর কাজ

অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডাম কমিটির কাছে অগ্রগতি জানতে চাইলে ডাঃ ফারহানা জানান যে গত ২৪ শে ডিসেম্বর সোসাইটির পক্ষ থেকে করা শিক্ষক সংকটের আবেদন DG স্যারের PS এর কাছে দেয়া হয়েছে। PS জানিয়েছেন সোসাইটির পক্ষ থেকে DG স্যারের সাথে কথা বললে ভালো হবে।

৩। Examiner's list : অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডাম বলেন যে examiner's list নিয়ে যে অসন্তোষ সৃষ্টি হয়েছে সেটা দূর করতে প্ল্যান করে কমিটিকে কাজ করতে হবে।

এসময় অধ্যাপক ডাঃ শাহানারা ম্যাডাম বলেন যে মেডিকেল কলেজ ৬০টি, physiologists সর্বমোট ২৪০ জন। সবাইকে এক্সটার্নাল করা সম্ভব নয়।

ডাঃ সালমা বিনতে ফারুকি ক্ষোভ প্রকাশ করেন, এক্সটার্নাল হতে না পারলে অসভ্য ভাষায় কথা বলা উচিত নয়।

৪। বিবিধ : অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডাম, ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম কে written, oral, practical এভাবে education subcommittee করতে বলেন।

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম বলেন যে প্রাথমিক ভাবে নাম দেয়া হয়েছে এবং তাদেরকে নিয়ে আগামী ১২ই ফেব্রুয়ারী মাগরিবের পর zoom meeting করা হবে।

সভাপতি অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডামSAAP এ একটি প্রতিবাদ জানিয়ে চিঠি লেখার জন্য সবার কাছে পরামর্শ চান। এ ব্যাপারে ডাঃ রুহানি কে অধ্যাপক ডাঃ নুরজাহান ম্যাডাম এর সাথে পরামর্শ করে প্রতিবাদ লিপি লেখার নির্দেশ দেন।

সভাপতি অধ্যাপক ডাঃ নাছিম জাহান ম্যাডাম সন্ধ্যা ০৮:৫০ টায় সকল কে

ধন্যবাদ জানিয়ে ও সকলের সুস্থতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন। ।

সভাপতি

অধ্যাপক ডাঃ নাসিম জাহান

২০২৪-২০২৫ কার্যনির্বাহী পরিষদ

বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস